৩২


আজকের কাগজ

তারিখ 10 JUL 1995

পৃষ্ঠা ৪ কলাম ৫


## শিক্ষামন্ত্রীকে বলছি

শিক্ষা জাতির মেরুদণ্ড। শিক্ষা ছাড়া কোনো দেশ বা জাতি উন্নতি করতে পারে না। যে দেশ শিক্ষাই যতো উন্নত সে দেশ ততো উন্নত। কথাগুলো অত্যন্ত পুরনো হলেও প্রসঙ্গক্রমে বলতে হলো। কারণ আপনার সরকার ২০০০ সাল নাগাদ 'সবার জন্যে শিক্ষা' কর্মসূচি বাস্তবায়ন করতে যাচ্ছেন এবং শিক্ষাখাতে সর্বাধিক গুরুত্ব দিয়েছে। আপনারা ক্ষমতায় আসার আগে বলেছিলেন প্রতিটি থানায় ১টি সরকারি উচ্চ বিদ্যালয় এবং ১টি কলেজ সরকারিকরণ করা হবে তা কিছু থানায় বাস্তবায়িত হলেও রাংগুনিয়া, রাউজান, হাটাজারি, ফটিকছড়িসহ দেশের অধিকাংশ থানায়ই বাস্তবায়িত হয়নি। উল্লেখিত থানাগুলোতে কোনো সরকারি কলেজ নেই। স্বাধীনতার চব্বিশ বছর পরও এ চারটি থানার প্রতি সরকার ও শিক্ষামন্ত্রণালয়ের বিমাতাসুলভ আচরণ অব্যাহত রাখার হেতু কি তা বোধগম্য নয়।

অতএব বর্তমান গণতান্ত্রিক সরকারের মাননীয় শিক্ষামন্ত্রীর নিকট বিনীত প্রার্থনা সরকার মেয়াদ শেষ হওয়ার আগেই উল্লেখিত থানাগুলোতে একটি করে কলেজ সরকারিকরণের অনুরোধ জানাচ্ছি।


সুজন বন্ধু শীল
*সৈয়দ বাড়ি*
*রাংগুনিয়া।*